

প্রেস রিলিজ

ত্রিপুরা রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের সহযোগিতায় রাজ্যের বিভিন্ন কলেজের স্যায়েন্স ফোরাম-এর উদ্যোগে জনপ্রিয় বিজ্ঞান আলোচনা আয়োজিত হচ্ছে। আগামী ৫-৭ ডিসেম্বর, ২০১৩ রাজ্যের বিভিন্ন স্থানে আলোচনায় অংশ নেবেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শ্যামল চক্রবর্তী এবং বঙ্গীয় বিজ্ঞান পরিষদের সম্পাদক শ্রী তপন সাহা।


এছাড়া, ২০-২২ জানুয়ারী, ২০১৪ রাজ্যের বিভিন্ন স্থানে বক্তব্য রাখবেন বিশিষ্ট জ্যোতির্বিজ্ঞানী ও বিড়লা প্ল্যানেটোরীয়ামের অধিকর্তা ড: দেবীপ্রসাদ দুয়ারী এবং বিশিষ্ট বিজ্ঞান প্রচারক ও এন.সি.এস.এম.-এর পূর্ব অধিকর্তা সমর বাগচী।

ধর্মনগর কলেজের স্যায়েন্স ফোরাম ৫ ডিসেম্বর, ২০১৩ বিবেকানন্দ সার্থশতবার্ষিকী হলে সকাল ৯টা ৩০মিনিটে আয়োজন করছে জনপ্রিয় বিজ্ঞান আলোচনা। সেখানে “বিজ্ঞান, সংস্কৃতি এবং রবীন্দ্রনাথ” শীর্ষক বক্তব্য রাখবেন অধ্যাপক শ্যামল চক্রবর্তী এবং “পরিবেশ ও সুস্থির উন্নয়ন” বিষয়ে বক্তব্য রাখবেন তপন সাহা।

কৈলাশহরের রামকৃষ্ণ কলেজের স্যায়েন্স ফোরাম জনপ্রিয় বিজ্ঞান আলোচনা আয়োজন করবে কৈলাশহর টাউন হলে ৬ ডিসেম্বর, ২০১৩ সকাল ১০টায়। সেখানে অধ্যাপক শ্যামল চক্রবর্তী “বিজ্ঞান, সমাজ ও আচার্য জগদীশচন্দ্র” বিষয়ে এবং তপন সাহা “জলাভূমির গুরুত্ব ও জলাভূমি সংরক্ষণ” বিষয়ে আলোচনা করবেন। ঐ দিনই বেলা ১টায় ফটিকরায়ের আশ্বেদকর কলেজের স্যায়েন্স ফোরাম কলেজ ক্যাম্পাসে আয়োজন করবে আলোচনা সভা। এতে “বিজ্ঞান, সমাজ ও আচার্য প্রফুল্লচন্দ্র” বিষয়ে বক্তব্য রাখবেন অধ্যাপক শ্যামল চক্রবর্তী এবং “জল সংকট ও বৃষ্টিজল সংরক্ষণ” শীর্ষক বক্তব্য রাখবেন তপন সাহা।

৭ ডিসেম্বর, ২০১৩ দুপুর ১২টায় মহিলা কলেজে স্যায়েন্স ফোরাম-এর আয়োজনে আলোচনা সভায় অধ্যাপক শ্যামল চক্রবর্তী “বিজ্ঞান ও কুসংস্কার” বিষয়ে এবং তপন সাহা “জলবায়ু পরিবর্তন” বিষয়ে বক্তব্য রাখবেন।

৭ ডিসেম্বর, ২০১৩ বিকাল ৫টায় আগরতলা প্রেস ক্লাবে ত্রিপুরা রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের সহযোগিতায় জ্ঞান বিচিত্রা ও বুক ওয়ার্ল্ড আয়োজন করবে বিজ্ঞান শিক্ষক/শিক্ষিকা, বিজ্ঞান ও সমাজকর্মী, কবি, সাহিত্যিক ও লেখকদের এক আড্ডার। বিজ্ঞান, সংস্কার ও কুসংস্কার বিষয়ক এই আড্ডায় অন্যান্যদের মধ্যে অধ্যাপক শ্যামল চক্রবর্তী এবং তপন সাহাও উপস্থিত থাকবেন।



(M L Roy)

Principal Scientific Officer
& Member Deputy Secretary